কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর কার্যালয়
অডিট ভবন
৭৭/৭ কাকরাইলর ঢাকা-১০০০।

নং- সিএজি/জিবি-১/বিস্বার্থ/১৮৯৯/২৬০

তারিখঃ ১৫-১০-২০১৭ খ্রিঃ

পরিপত্র

বিষয়ঃ- ব্যক্তিগত স্বার্থ অর্জনের উদ্দেশ্যে প্রশাসনকে প্রভাবিত করার মানসিকতা পরিহার।

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, এই বিভাগের বিভিন্ন শ্রেণীর কর্মচারী (গ্রেড-৩ থেকে শুরু করে) তাদের পছন্দ মত পদায়ন, সেমিনার, সিম্পোজিয়াম-এ যোগদান এবং সরকারী কাজে বিদেশ গমনের বিষয়ে প্রশাসনকে নানাভাবে প্রভাবিত করার চেষ্টা করছেন। রাজনৈতিক নেতা এবং এ বিভাগ ও এ বিভাগ বহির্ভূত উঁচু পদে অধিষ্ঠিত সরকারী কর্মচারীদের কাছ থেকে আধা-সরকারী পত্র, ব্যক্তিগত, মৌখিক ও টেলিফোনে অনুরোধের মাধ্যমে এ প্রভাব বিস্তার করা হচ্ছে। কেউ কেউ কোন রকম যুক্তিসংগত কারণ ছাড়াই বর্তমান কর্মস্থলের পার্শ্ববর্তী কোন ভবনে/কার্যালয়েও বদলী হবার জন্যে এ ধরনের প্রভাব প্রয়োগ করছেন। উঁচু শ্রেণীর কোন কোন কর্মচারী নিজ কার্যালয়ের অপ্রাসঙ্গিক সভা ও সেমিনারে যাবার জন্যে এই একই ধরনের প্রচেষ্টা চালাচ্ছেন। তাদের মধ্যে কয়েকজন সরকারী কাজে বিদেশ যাবার জন্যে বিভাগের সদর দপ্তরে ব্যাপক অনুরোধ-উপরোধ পেশ করে চলেছেন। কোন কর্মচারীকে কোন কার্যালয়ে কি দায়িত্ব দেয়া হবে তা নির্ধারণ করার এখতিয়ার ঐ কর্মচারীর কর্তৃপক্ষের। এ সত্ত্বেও কর্মচারীদের কোন পদায়নের ফলে তাদের সরকারী আবাসন বা সন্তান সন্ততির অধ্যয়ন এবং বিশেষ স্বাস্থ্যগত অবস্থান যাতে বিঘ্নিত না হয় তার সম্ভাব্য সর্বোচ্চ নিশ্চয়তা দান কর্তৃপক্ষ সব সময়ই করে আসছে। বিশেষতঃ নিজ কার্যালয়ের কর্মকান্ডে কোনরূপ উদ্ভাবনী পদক্ষেপ গ্রহণে মনোযোগ না দিয়ে বিদেশের দায়িত্ব পালনের আগ্রহ প্রকাশ শোভনীয় নয়। এদের মধ্যে দু'একজন উঁচু শ্রেণীর কর্মচারী একাধিকবার এ বিভাগের গুরুত্বপূর্ণ বিভিন্ন কর্মকান্ডে অমনোযোগী ও অদক্ষতার পরিচয় দিয়েছেন। তারপরও তারা ব্যক্তিগত স্বার্থে পছন্দমত পদায়ন পরিবর্তন এবং আর্থিকভাবে লাভবান হওয়া যায় এমন স্ব-আরোপিত দায়িত্ব পাবার চেষ্টা চালিয়ে যাচ্ছেন। ভ্রমণ ভাতার অর্থ কোন কর্মচারীর লাভের উৎস হতে পারে না। কোন কর্মচারীর ব্যক্তিগত এবং পারিবারিক আর্থিক নিরাপত্তার সম্পূর্ণ অংশ প্রদান করা নিয়োগকারী কর্তৃপক্ষের দায়িত্ব নয়। নিয়োগকারী কর্তৃপক্ষ কোন কর্মচারীকে কেবল তার দায়িত্ব সম্পাদনের বিপরীতে সরকার নির্ধারিত আর্থিক ও অন্যান্য সুবিধাদি প্রদান করতে পারেন এবং উক্ত কর্মচারীও সেই শর্ত মেনে নিয়ে কোন পদে যোগদান করেন, যা চাকুরী বিধি অনুযায়ী নিয়ন্ত্রিত। উপযুক্ত কর্তৃপক্ষের আদেশ ও অভিপ্রায় এর পরিপন্থী এসব কর্মকান্ড সিভিল সার্ভিস রেগুলেশন, সরকারী শৃংখলা ও আপীল বিধি এবং আচরণ বিধি অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ বলে বিবেচিত হতে পারে। বিশেষতঃ রাজনৈতিক নেতৃবৃন্দকে দিয়ে এসব বিষয়ে তদ্‌বির করা সরকারী কর্মচারীর পক্ষে উপযুক্ত আচরণ নয়। একই সাথে আনন্দের সঙ্গে এটাও কর্তৃপক্ষ লক্ষ্য করেছে যে, বিপুলসংখ্যক দায়িত্বশীল কর্মচারী কখনই ব্যক্তিগত অভিপ্রায় ব্যক্ত করে এ বিভাগ থেকে কোন রকম সুবিধা পাবার চেষ্টা করেনি। এ আচরন প্রশংসনীয় এবং এটি নেতৃত্বের গুনাবলীর অন্তর্ভুক্ত। সংশ্লিষ্ট সবাই এটি অনুসরণ করবেন বলে প্রশাসন প্রত্যাশা করে। বর্ণিত প্রেক্ষাপটে, ব্যক্তিগত স্বার্থ অর্জনের উদ্দেশ্যে প্রশাসনকে প্রভাবিত করার এ ধরনের মানসিকতা পরিহার করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশ প্রদান করা হলো। সকল অফিস প্রধান এ পরিপত্রের বিষয়বস্তুকে তাদের অধীনস্থ সকল কর্মচারীকে লিখিত ভাবে অবহিত করানোর ব্যবস্থা নিতে হবে।

বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল মহোদয়ের নির্দেশক্রমে এ পরিপত্রটি জারী করা হলো।

১৫/১০/১৭
সৈয়দ মোহাম্মদ জাহিদ হোসেন
অতিঃ উপ-মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক (প্রশাসন)
ফোনঃ ৯৩৩১১৭১।

ডিসিএজি/প্রশাসন
ডাইরী নং.............. তারিখ...............
সুপার/এএও/এজিএ/প্রশাঃ- অডিট

অ. প. দ্র.

নং- সিএজি/জিবি-১/বি নথি/১৮৯৯/৬৮৫ তারিখঃ ১৫-১০-২০১৭ খ্রিঃ।

বিতরনঃ-

অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের নিমিত্ত (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ

১। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃষ্টি আকর্ষণঃ উপ-সচিব, প্রশাসন-২ অধিশাখা)।

২। হিসাব মহা নিয়ন্ত্রক, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

৩। কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স, সেগুনবাগিচা, ঢাকা।

৪। অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।

৫। মহাপরিচালক, ফিনান্সিয়াল ম্যানেজমেন্ট একাডেমী (ফিমা), ঢাকা।

৬। উপ-মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক(সিনিয়র), সিএন্ডএজি কার্যালয়, ঢাকা।

৭। উপ-মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক (পদ্ধতি/এএন্ডআর), সিএন্ডএজি কার্যালয়, ঢাকা।

৮। মহাপরিচালক, স্থানীয় ও রাজস্ব অডিট/প্রতিরক্ষা অডিট/বাণিজ্যিক অডিট/রেলওয়ে অডিট/পূর্ত অডিট/ডাক, টেলিযোগাযোগ, বিজ্ঞান প্রযুক্তি বিষয়ক অডিট/সিভিল অডিট/বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্প অডিট/দূতাবাস অডিট/পারফরমেন্স অডিট অধিদপ্তর, ঢাকা।

৯। সিনিয়র ফাইন্যান্স কন্ট্রোলার (আর্মি/নৌ বাহিনী/বিমান বাহিনী/পূর্ত/প্রতিরক্ষা ক্রয়), ঢাকা।

১০। এফএএন্ডসিএও(পূর্ব/পশ্চিম/প্রকল্প), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম/রাজশাহী/ঢাকা।

১১। ফাইন্যান্স কন্ট্রোলার, বিওএফ, গাজীপুর সেনানিবাস।

১২। অতিঃ উপ-মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক (প্রশাসন/পার্সোনেল/পদ্ধতি/সংসদ/পরিচালক-এমআইএস), সিএন্ডএজি কার্যালয়, ঢাকা।

১৩। কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল মহোদয়ের একান্ত সচিব।

১৪। অডিট এন্ড একাউন্টস অফিসার, প্রশাসন শাখা, জিবি-২, আইএডব্লিউ,এইচ আর সেল, সিএন্ডএজি কার্যালয়, ঢাকা।

১৫। গার্ড ফাইল/ব্যক্তিগত নথি।

(মোঃ মনির হোসেন মোল্লা)
নিরীক্ষা ও হিসাবরক্ষণ অফিসার
জিবি-১ শাখা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয়
সিজিএ ভবন
সেগুনবাগিচা,ঢাকা-১০০০।

স্মারক নং-০৭.০৩.০০০.০০১.০৩.২৭১.১৬- ৯০৮৬ তারিখ ঃ ৩১/১০/২০১৭ খ্রিঃ

অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য সিএন্ডএজি কার্যালয়ের নিম্নোক্ত অফিস আদেশ নং

(১) নং-সিএজি/জিবি-১/বি নথি/১৮৯৯/২৬০ তারিখ ঃ ১৫/১০/২০১৭ খ্রিঃ।

নিম্নবর্ণিত কার্যালয়ের পৃষ্ঠাংকন করা হলো ঃ

১। সিজিএ মূল কার্যালয়ের কর্মকর্তা (সকল)।

২। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল)।

৩। ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস (সকল)।

৪। জেলা/উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল)।

৫। পি এস টু সিজিএ ।

৬। অফিস কপি/গার্ড ফাইল ।

(মুঃ শরিফুল ইসলাম)
সহকারী হিসাব মহানিয়ন্ত্রক (প্রশাসন)
ফোন ঃ ৯৩৫৬৫০৯।